

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৬৮০০.০০০.১৪.০১২.১৫ 260

তারিখঃ 28/1/2016।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

- সূত্রঃ ১) নরসিংদী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ-নর/উন্নয়ন-৪/২০১৫/০১/০৩, তারিখঃ ৩/১/২০১৬।
২) নরসিংদী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ-নর/উন্নয়ন-৪/২০১৫/০১/০৪, তারিখঃ ৩/১/২০১৬।
৩) নরসিংদী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ-নর/উন্নয়ন-৪/২০১৫/০১/০৬, তারিখঃ ৩/১/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রগুলোর প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ২৭.৯৯ লক্ষ (সাতাশ লক্ষ নিরানব্বই হাজার) টাকায় গৃহীত দারিদ্র বিমোচন নারী উন্নয়ন ও আত্ম কর্মসংস্থানের লক্ষ্যে নরসিংদী জেলার ২৫০ জন অসহায় নারীদের সেলাই ও কাটিং প্রশিক্ষণ এবং ২৫০টি সেলাই মেশিন বিতরণ প্রকল্পটি নিম্নে বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

- ১) প্রশিক্ষার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী, উপ পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী, উপজেলা নির্বাহী অফিসার, সদর, নরসিংদী, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নরসিংদী এর সমন্বয়ে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুসারে পরিচালনা করতে হবে;
- ৫) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান এবং প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০/- (পঞ্চাশ) টাকা ব্যয়;
- ৬) সেলাই মেশিন ক্রয়ের ক্ষেত্রে ব্রান্ড মেশিন (সিংঙ্গার/বাটার ফ্লাই) ক্রয়;
- ৭) পরিচালক, স্থানীয় সরকার, ঢাকার এর উপস্থিত থেকে সেলাই মেশিন বিতরণ এবং বিতরণ শেষে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করবেন।

(জুবাইদা নাসরীন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নরসিংদী।

অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের পরিদর্শন কমিটি কর্তৃক প্রকল্পসমূহ পরিদর্শন করে প্রতিবেদন দেয়ার প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য সবিনয় অনুরোধ করা হলো)।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা (সরজমিনের পরিদর্শন করে আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, নরসিংদী।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।